কালের কণ্ঠ

14 AUG 2017
পৃষ্ঠা ২ কলাম ৬

ব্যতিক্রমী উদ্যোগ

# বিদ্যালয়ের ছাদে বহু প্রজাতির গাছ

তোফাজ্জল হোসেন লুতু, সৈয়দপুর ▷

শুধুই পুঁথিগত বিদ্যা নয়, প্রকৃতি সম্পর্কে জ্ঞানদানে ব্যতিক্রমী উদ্যোগ নিয়েছে সৈয়দপুর শহরের একটি স্কুল। বাঁশবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাদে এখন সারি সারি টবে শোভা পাচ্ছে বহু প্রজাতির গাছ। খুদে শিক্ষার্থীদের জন্য এ আয়োজনের উদ্যোক্তা বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি মো. জোবায়দুর রহমান শাহীন। তিনি সবার সহযোগিতায় ছাদে হরেক রকম গাছের সমাহার ঘটিয়েছেন।

সৈয়দপুর উপজেলার কৃষি কর্মকর্তা মোছা. হোমায়রা মণ্ডল বলেন, বিদ্যালয়ের ছাদে এমন বাগান অবশ্যই শিশুদের জন্য শিক্ষণীয় হবে। এ বাগান থেকে তারা গাছপালা সম্পর্কে জানবে, যা বাস্তব জীবনে তাদের জন্য সুফল বয়ে আনবে।



নীলফামারী জেলার সৈয়দপুর পৌরসভা এলাকায় অবস্থিত বাঁশবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়। ১৯৫৮ সালে প্রতিষ্ঠিত বিদ্যালয়টিতে বর্তমানে শিশু শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী রয়েছে ৩৫০ জন। পাঠদানের জন্য রয়েছেন ১১ জন শিক্ষক-শিক্ষিকা। ২০১৬ সালের ৮ অক্টোবর এ বিদ্যালয়ের ছাদে আনুষ্ঠানিকভাবে বাগানের কার্যক্রম শুরু করা হয়। সেখানে টবে লাগানো হয়েছে বারোমাসী আম, আম্রপালি, কমলা, সফেদা, কাগজি লেবু, চায়না বেগুন, ডালিম, বেদানা, মাল্টা, বাতাবি লেবু, কাজি পেয়ারা, বাউকুল, আমড়া, জলপাই, কলা, করমচা, শসা ও লাউগাছ। ওষধি গাছের মধ্যে রয়েছে আমলকী, বহেরা, হরীতকী, তুলসী, পুদিনা ও ধনে পাতা। আরো রয়েছে গোলাপ, গাঁদা, ডালিয়া, চন্দ্রমল্লিকা, ঘাসফুল, চায়না ঘাসফুল, গন্ধরাজ, দোলনচাঁপাসহ নানা প্রজাতির ফুলের গাছ। রেড বর্ডার, গ্রিন বর্ডার, ডুরান্ডাসহ রয়েছে বেশ কিছু লতাগাছ ও ক্যাকটাস। সব মিলিয়ে গাছের এ বিশাল সমারোহ স্কুলের পরিবেশকে করে তুলেছে আকর্ষণীয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফেরদৌসী আক্তার জাহান বলেন, স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতির চিন্তা ও পরিকল্পনা থেকে ছাদে বাগানটি গড়ে তোলা হয়েছে। বিদ্যালয়ে শুধু বাগান নয়, রয়েছে আধুনিক শিক্ষার নানা উপকরণ। মাল্টিমিডিয়ার মাধ্যমে পরিচালনা করা হচ্ছে ক্লাসরুম। সহপাঠ্য কার্যক্রম রয়েছে। প্রতি মাসে বিদ্যালয়ে অভিভাবক সমাবেশের আয়োজন করা হয়।

স্কুল ব্যবস্থাপনা কমিটির সভাপতি জোবায়দুর রহমান শাহীন বলেন, 'আমাদের চারপাশে ক্রমেই গাছের সংখ্যা কমে যাচ্ছে। প্রকৃতি সম্পর্কে জানতে শিক্ষার্থীরা বইয়ের মাঝে সীমাবদ্ধ হয়ে পড়ছে। বিশেষ করে শহরের শিশুদের গাছপালা সম্পর্কে ধারণা কম। বৃক্ষরাজির সঙ্গে শিশুদের পরিচয় করিয়ে দিতেই স্কুলের ছাদে বাগানের এই উদ্যোগ।'